গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

সিপি-২ শাখা

www.mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৬.২৩.০০১.২৩.১২৮ তারিখ: ২ শ্রাবণ ১৪৩০

১৭ জুলাই ২০২৩

বিষয়: **জাতীয় পাবলিক সার্ভিস দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে মাঠ পর্যায়ে আয়োজিতব্য বিস্তারিত কর্মসূচি।**

সূত্র: ১। মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং- ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২০.৯৩২, তারিখ: ০৪ ডিসেম্বর ২০২২।

২। বাজেট ও অডিট শাখার স্মারক নং-০৫.০০.০০০০.১১৫.২২.০০৮.২২.০৬, তারিখ: ০৫ জুলাই ২০২৩।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৩ জুলাই 'খ' শ্রেণির দিবস হিসেবে জাতীয় পাবলিক সার্ভিস দিবস মাঠ পর্যায়ে যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে নিম্নরূপ কর্মসূচি গৃহীত হয়েছে:

| ক্রমিক | **তারিখ ও সময়** | **কার্যক্রম** | **বাস্তবায়নকারী** |
|---|---|---|---|
| ১ | ২৩ জুলাই ২০২৩<br>সকাল ১০:০০ টা | জেলা প্রশাসকের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় থেকে ব্যানারসহ শোভাযাত্রা আয়োজন | জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসন |
| ২ | ২৩ জুলাই ২০২৩<br>সকাল ১০:৩০ টা | সমাজের সকল অংশিজনের অংশগ্রহণে 'জাতীয় পাবলিক সার্ভিস দিবস'-এর প্রতিপাদ্য বিষয় 'সবার আগে সুশাসন, জনসেবায় উদ্ভাবন'-এর উপর আলোচনা সভা | জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসন |
| ৩ | ২৩ জুলাই ২০২৩<br>দিনব্যাপী | সরকারি বিভিন্ন দপ্তরের সেবা প্রাপ্তির পদ্ধতি, সেবার ধরন সম্বলিত পোস্টার/ফেস্টুন অনুষ্ঠান স্থলে/স্ব স্ব দপ্তরে/জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে/ উপজেলা প্রশাসনের হলরুমে দপ্তরভিত্তিক আলাদাভাবে প্রদর্শনের ব্যবস্থা করা | জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তর |
| ৪ | ২৩ জুলাই ২০২৩<br>দুপুর ১২:০০ টা | জেলা ও উপজেলায় বিভিন্ন দপ্তরের উদ্ভাবনী প্রয়াসের মাধ্যমে সরকারি সেবা কীভাবে জনগণের দোড়গোড়ায় পৌঁছানো সম্ভব হয়েছে তার বিভিন্ন ডকুমেন্টারি প্রজেক্টরে প্রদর্শনের ব্যবস্থা করা | জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তর এবং জেলা তথ্য অফিস |
| ৫ | ২৩ জুলাই ২০২৩<br>দিনব্যাপী ও চলমান | সোশ্যাল মিডিয়ায় বিভিন্ন দপ্তরের পেইজ থেকে প্রদত্ত সেবার বিবরণ ও দৃষ্টান্তসহ বিভিন্ন তথ্য আপলোড করে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা করা | জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তর |
| ৬ | ২৩ জুলাই ২০২৩<br>দিনব্যাপী | বিভিন্ন দপ্তরের যে সকল সেবা জাতীয় পাবলিক সার্ভিস দিবসে প্রদান করা যায় (যেমন: বিআরটিএর মাধ্যমে ড্রাইভিং লাইসেন্স প্রদান, ভূমিহীনদের কবুলিয়াত প্রদান ইত্যাদি) তা জেলা ও উপজেলা পর্যায়ের গঠিত কমিটি কর্তৃক নির্ধারণপূর্বক উল্লিখিত দিবসে সহজে স্ব স্ব দপ্তরের মাধ্যমে প্রদানের ব্যবস্থা করা | জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তর |
| ৭ | ২৩ জুলাই ২০২৩<br>দিনব্যাপী | সরকারি সেবাসমূহের মানোন্নয়নের জন্য সেবা প্রার্থীগণের মতামত যাচাইয়ের লক্ষ্যে সুবিধাজনক স্থানে ফিডব্যাক প্রদানের ব্যবস্থা রাখা | জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তর |

| | | | |
|---|---|---|---|
| ৮ | ২৩ জুলাই ২০২৩ দিবসের পূর্ব হতে দিবস উদযাপন পর্যন্ত | জেলা ও উপজেলায় বিভিন্ন দপ্তর থেকে প্রদত্ত সেবাসমূহ স্থানীয় ক্যাবল নেটওয়ার্ক, পত্রিকা, সোশ্যাল মিডিয়া এবং তথ্য বিভাগের মাধ্যমে ব্যাপকভাবে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ | জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসন এবং জেলা তথ্য অফিস |

ক) বর্ণিত কর্মসূচি বাস্তবায়নের জন্য জেলা পর্যায়ে জেলা প্রশাসক এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারগণের নেতৃত্বে বিভিন্ন সরকারি দপ্তরের প্রধানদের সমন্বয়ে জেলা ও উপজেলা বাস্তবায়ন কমিটি গঠিত হবে। জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ সংশ্লিষ্ট কমিটি গঠনপূর্বক দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের জন্য সদস্যদের নিয়ে সভা করে স্ব স্ব অধিক্ষেত্রে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবেন। বিভাগীয় কমিশনারগণ সার্বিক কার্যাবলি পরিবীক্ষণ করবেন।

খ) জাতীয় পাবলিক সার্ভিস দিবসে সরকারি দপ্তরের মাধ্যমে সাধারণ জনগণের নিকট প্রদানকৃত সেবার সংখ্যা এবং সেবাগ্রহীতার সংখ্যাসহ সার্বিক সচিত্র প্রতিবেদন জেলা প্রশাসকগণ বিভাগীয় কমিশনারের মাধ্যমে ৭ আগষ্ট ২০২৩ তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

গ) দিবসটি উদ্‌যাপনের জন্য ২ নম্বর সূত্রোক্ত স্মারকের নির্দেশনা মোতাবেক ৩২৫৭৩০১ অনুষ্ঠান/উৎসবাদি খাতে বরাদ্দকৃত অর্থ হতে আর্থিক বিধিবিধান অনুসরণ করে ব্যয় করা যাবে।

২। এমতাবস্থায়, উপরোক্ত সিদ্ধান্তসমূহ যথাযথ পালনপূর্বক মাঠ পর্যায়ে জাতীয় পাবলিক সার্ভিস দিবস ২০২৩ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বাজেট ও অডিট শাখার পত্র

১৭-৭-২০২৩
মোহাম্মদ নাছির উল্লাহ খান
উপসচিব
ফোন: ৯৫১৩৫৪৪
ইমেইল: cp2@mopa.gov.bd

বিতরণ :
১) বিভাগীয় কমিশনার,
খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম
২) জেলা প্রশাসক (সকল)
৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৬.২৩.০০১.২৩.১২৮/১(১৪)

তারিখ: ২ শ্রাবণ ১৪৩০
১৭ জুলাই ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) অতিরিক্ত সচিব (প্রশাসন/এপিডি/সিপিটি/বিধি/সওব্য/শৃঙ্খলা ও তদন্ত/সংস্কার ও গবেষণা/আইন), জনপ্রশাসন মন্ত্রণালয়
২) অতিরিক্ত সচিব, মাঠ প্রশাসন, অভ্যন্তরীণ ও নব নিয়োগ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
৩) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৪) প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের একান্ত সচিব, মুখ্য সচিবের দপ্তর, প্রধানমন্ত্রীর কার্যালয় (মুখ্য সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৫) উপসচিব, মাঠ প্রশাসন-২ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৬) সিনিয়র সহকারী সচিব, বাজেট ও অডিট শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৭) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)



১৭-৭-২০২৩
মোহাম্মদ নাছির উল্লাহ খান
উপসচিব